আজকের কাগজ

তারিখ 26 NOV 1994
পৃষ্ঠা ২ কলাম ২

01

# সরকারের শিক্ষা কর্মসূচি বাস্তবায়নে সকলকে এগিয়ে আসতে হবে

-বি. চৌধুরী

জাতীয় সংসদের উপনেতা অধ্যাপক একিউএম বদরুদ্দোজা চৌধুরী গতকাল আনুষ্ঠানিকভাবে শ্রীনগরে সাড়ে এগার লাখ টাকা ব্যয়ে খাজা আদর্শ কলেজের নবনির্মিত বিজ্ঞান ভবন উদ্বোধন করেন।

এ উপলক্ষে আয়োজিত এক সমাবেশে অধ্যাপক বদরুদ্দোজা চৌধুরী শিক্ষার সম্প্রসারণ ও উন্নয়নে সরকারের গৃহীত বিভিন্ন কর্মসূচির সুষ্ঠু বাস্তবায়নে সকলকে এগিয়ে আসার আহবান জানান।

কলেজ পরিচালনা পরিষদের সভাপতি সংসদ সদস্যা বেগম সামছুন্নাহার খাজা আহসান উল্লাহ'র সভাপতিত্বে এ সমাবেশে অন্যান্যের মধ্যে কলেজের অধ্যক্ষ শাহজাদা আতিকুল আলম ভূইয়া, বিএনপি নেতা মাশিকুর রহমান দুলু, জসিম দেওয়ান, প্রধান শিক্ষক খন্দকার আব্দুস সালাম, আব্দুল্লাহ আখন্দ, ওয়াহিদুজ্জামান দুলাল, ডঃ ফজলুর রহমান সিদ্দিকী, আমিনুল ইসলাম জামান এবং আজহার হোসেন খান বক্তৃতা করেন।

অধ্যাপক বলেন, বিএনপি সরকার দেশের সার্বিক উন্নয়নের লক্ষ্যকে সামনে রেখেই নিরলসভাবে কাজ করে যাচ্ছে। দেশে বিশৃংখলা সৃষ্টি করে যারা সরকারের এ উন্নয়ন প্রক্রিয়াকে বাধাগ্রস্ত করতে চায় তাদেরকে প্রতিহত করতে অধ্যাপক চৌধুরী সকলের প্রতি আহবান জানান।

অধ্যাপক চৌধুরী দেশের উন্নয়নে নারী শিক্ষার প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করে বলেন, বর্তমান সরকার নারী শিক্ষা বিস্তারে যুগান্তকারী পদক্ষেপ গ্রহণ করেছে।

এর আগে, সংসদ উপনেতা বাড়ৈখালী ইউনিয়ন বিএনপি অফিস ভবন উদ্বোধন করেন। খবর তথ্য বিবরণী।